সমকাল

তারিখ 27 JUL 2016
পৃষ্ঠা ৪ কলাম

# অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার পেলেন ১২ শিক্ষার্থী

■ বিশ্ববিদ্যালয় প্রতিবেদক

ঢাকা বিশ্ববিদ্যালয়ের 'অধ্যাপক সিতারা পারভীন পুরস্কার' দেওয়া হয়েছে। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের ২০১৫ সালের বিএসএস (সম্মান) পরীক্ষায় ভালো ফল অর্জনকারী ১২ শিক্ষার্থীর হাতে গতকাল মঙ্গলবার পুরস্কারের চেক তুলে দেন বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক।

পুরস্কারপ্রাপ্ত শিক্ষার্থীরা হলেন মনিরা বেগম, নুজায়রা তারান্নুম, মালিহা তাবাসসুম, তানজিনা তানিন, আলী আহসান, এমরান হোসেন, মো. আশরাফুল গনি, মেহেদী হাসান, মাহমুদুল হাসান, মো. জাহিদ-ই-হাসান, বাপ্পী কুমার পাল ও শামীমা সুলতানা।

আরসি মজুমদার অডিটরিয়ামে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন উপাচার্য অধ্যাপক ড. আ আ ম স আরেফিন সিদ্দিক। গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের চেয়ারম্যান অধ্যাপক মফিজুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠানে 'অধ্যাপক সিতারা পারভীন স্মারক বক্তৃতা' দেন পরিবেশ ও মানবাধিকার কর্মী ফিলিপ গাইন। ধন্যবাদ জ্ঞাপন করেন অধ্যাপক ড. আহাদুজ্জামান মোহাম্মদ আলী। সন্ত্রাস ও জঙ্গিবাদের বিরুদ্ধে গণসচেতনতা সৃষ্টির ক্ষেত্রে অগ্রণী ভূমিকা পালনের জন্য মেধাবী শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান ঢাবি উপাচার্য।

সাবেক রাষ্ট্রপতি বিচারপতি সাহাবুদ্দীন আহমদের কন্যা এবং গণযোগাযোগ ও সাংবাদিকতা বিভাগের অধ্যাপক আহাদুজ্জামান মোহাম্মদ আলীর স্ত্রী অধ্যাপক সিতারা পারভীন ২০০৫ সালের ২৩ জুন যুক্তরাষ্ট্রে এক সড়ক দুর্ঘটনায় নিহত হন।